দৈনিক সংবাদ

তারিখ AUG 1 3 1999
পৃষ্ঠা ৭ কলাম ৪

43

# এতিম ছাত্র-ছাত্রীদের জন্য অরফ্যানিজ ফেডারেশনের রচনা প্রতিযোগিতা

অরফ্যানিজ ফেডারেশন বাংলাদেশ এতিম ছাত্র-ছাত্রীদের জন্য রচনা প্রতিযোগিতার আয়োজন করেছে। এতে অনূর্ধ্ব ১৮ বছর বয়স্করা সিনিয়র গ্রুপে বিবেচিত হবে। তাদের রচনার বিষয় 'হযরত মোহাম্মদ (দঃ) এর নবুয়ত লাভের পর থেকে মদিনার জীবন।' রচনা ২ হাজার শব্দের মধ্যে সীমিত থাকবে। এতে প্রথম পুরস্কার ৫ হাজার টাকা, দ্বিতীয় পুরস্কার ৩ হাজার টাকা ও তৃতীয় পুরস্কার ২ হাজার টাকা প্রদান করা হবে।

অনূর্ধ্ব ১৪ বছর বয়স্করা জুনিয়র গ্রুপের আওতাভুক্ত থাকবে। তাদের বিষয় হবে 'হযরত মোহাম্মদ (দঃ) এর জন্ম থেকে ২৫ বছর বয়স পর্যন্ত।' রচনা ১ হাজার ৫শ' শব্দের মধ্যে সীমিত থাকবে। এক্ষেত্রে প্রথম পুরস্কার ৪ হাজার টাকা, দ্বিতীয় পুরস্কার ২ হাজার ৫শ' টাকা ও তৃতীয় পুরস্কার ১ হাজার ৫শ' টাকা প্রদান করা হবে।

স্বহস্তে লিখিত রচনা প্রতিযোগীর নাম ঠিকানাসহ স্ব স্ব এতিমখানার প্রিন্সিপাল অথবা সুপার কর্তৃক সত্যায়িত করে আগামী ৩১ আগস্টের মধ্যে আলহাজ হাকীম মোঃ ইউসুফ হারুন ভুঁইয়া, চেয়ারম্যান অরফ্যানিজ ফেডারেশন, বাংলাদেশ হামদর্দ ভবন, ২৯১/১, সোনারগাঁও রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫, এই ঠিকানায় পৌঁছাতে হবে। সংবাদ বিজ্ঞপ্তি।